অবজারভার।

তারিখ ২৩।১০।৮১

পৃষ্ঠা ... ... কলাম ...

100 047

# সাভারে প্রাচীন অট্টালিকা আবিষ্কৃত

(স্টাফ রিপোর্টার)

সাভারে প্রাচীন সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হয়েছে। সাভার বাজার থেকে আধ মাইল পূবে রেডিও কলোনীর কাছে মাটি খোঁড়ার সময় এক প্রাচীন অট্টালিকার একটি অংশ বেরিয়ে পড়েছে।

সমতল থেকে ১০/১২ ফুট উঁচু একটি টিলা থেকে মাটি কাটার সময় অট্টালিকার অংশ-বিশেষ বেরিয়ে পড়ে।

সাভার পুলিশ গত সন্ধ্যায়

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রষ্টব্য)

## আবিষ্কৃত

(প্রথম পৃঃ পর)

স্থানটি পরিদর্শন করেছে। টিলার আকৃতি দেখে পুলিশের অনুমান, মাটি চাপা ভবনটি পাঁচ-ছয় শতাংশ জমি জুড়ে থাকতে পারে।

প্রত্নতত্ত্ব বিভাগের কর্মকর্তারা আজ এলাকাটি পরিদর্শন করবেন।

সাভার এলাকায় কয়েক শ বছর আগে বৌদ্ধ সভ্যতার বিশেষ প্রসার ঘটেছিল। ১৯২৮ থেকে ৩০ সালের মধ্যে রাজাসন মৌজায় খনন চালিয়ে বেশ কিছু মূল্যবান প্রত্ন নিদর্শন পাওয়া গিয়েছিল। সেখানে পাওয়া পোড়া মাটির ফলক, বুদ্ধ মূর্তি, পাথরের তৈজস ও ভবন কাঠামোর সঙ্গে রাজশাহীর পাহাড়পুর বৌদ্ধ বিহারে পাওয়া প্রত্ন সামগ্রীর যথেষ্ট সাদৃশ্য রয়েছে। ঐতিহাসিক ডঃ নলিনীকান্ত ভট্টশালী তাঁর গ্রন্থে সাভারের ঐতিহাসিক গুরুত্বের কথা উল্লেখ করেছেন।

গত রাতে প্রত্নতত্ত্ব বিভাগের একজন কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হয়। উল্লিখিত টিলাটির মাটি কাটা বন্ধ রাখা হয়েছে কি না, এ সম্পর্কে তিনি কোন তথ্য দিতে পারেননি।